



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ০১ সেপ্টেম্বর, ২০১৫

শিক্ষাবর্ষ: ২০১৫-২০১৬

website : www.cu.ac.bd

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) বি.এ/বি.এড/বি.এসসি/বি.ফার্ম/বি.এস.এস/এলএল.বি/বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্স এবং বিবিএ প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন শুধুমাত্র টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে। ইউনিট প্রতি আবেদন ফি ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা মাত্র (সার্ভিস চার্জ প্রযোজ্য)।

আবেদন গ্রহণের তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত (দিন রাত যে কোন সময় আবেদন করা যাবে)।

ভর্তির যোগ্যতা : যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১১ থেকে ২০১৩ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং ২০১৪ বা ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নলিখিত যোগ্যতা ও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ভর্তির যোগ্যতা আছে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

বিজ্ঞান অনুষদ (A Unit): এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

কলা ও মানববিদ্যা অনুষদ (B Unit): B1 বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট এর অধীনে B.A (Honours) in Language & Linguistics কোর্সে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ পেতে হবে।

B2 আরবি, ইসলামিক স্টাডিজ, B3 চারুকলা ইনস্টিটিউট, B4 পালি, B5 নাট্যকলা এবং B6 সংস্কৃত, B8 সংগীত বিভাগে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ পেতে হবে।

B7 ইনস্টিটিউট অব এডুকেশন, রিচার্স এন্ড ট্রেনিং (আইইআরটি)-এ বি.এড সম্মান কোর্সে ভর্তির যোগ্যতা : উচ্চ মাধ্যমিক **B7H** মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ পেতে হবে। উচ্চ মাধ্যমিক **B7C** ব্যবসায় শিক্ষা/**B7S** বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে। (বিজ্ঞান শাখায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে অবশ্যই জীব বিজ্ঞান বা গণিত পাঠ্য বিষয় হিসেবে থাকতে হবে)।

বি: দ্র: B2 থেকে B8 পর্যন্ত ইউনিটের ভর্তি পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন শিক্ষার্থীর একাধিক ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

ব্যবসায় প্রশাসন অনুষদ (C Unit): এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান/ডিপ্লোমা ইন কমার্স/ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

সমাজ বিজ্ঞান অনুষদ (D Unit): এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ পেতে হবে।

আইন অনুষদ (E Unit): এ অনুষদের অন্তর্গত আইন বিভাগে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

জীব বিজ্ঞান অনুষদ (F Unit): এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় ও মানবিক শাখায় (মনোবিজ্ঞান বা ভূগোল বিষয়সহ) উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ২.৭৫ পেতে হবে।

ইঞ্জিনিয়ারিং অনুষদ (G Unit): এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

শিক্ষা অনুষদ (H Unit): এ অনুষদের অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ে অনার্স কোর্সে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ পেতে হবে।

চলমান-----২

ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ (I Unit): এ ইনস্টিটিউটের অন্তর্গত বিষয়সমূহে (মেরিন সায়েন্সেস, ওশানোগ্রাফী এবং ফিশারিজ) ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে। এই ইউনিটে ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান ও গণিত/পরিসংখ্যান বিষয় নিয়ে উত্তীর্ণ হতে হবে এবং উল্লিখিত বিষয়সমূহে আলাদাভাবে কমপক্ষে 'সি' গ্রেড পেতে হবে।

ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস (J Unit): এ ইনস্টিটিউটের অন্তর্গত বিষয়সমূহে (পরিবেশ বিজ্ঞান ও ফরেস্ট্রি) ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান অথবা ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ফরেস্ট্রি উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে। এই ইউনিটে ভর্তিচ্ছুদের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয় নিয়ে উত্তীর্ণ হতে হবে এবং ৪র্থ বিষয় হিসেবে গণিত বা জীববিদ্যা বিষয়ে ন্যূনতম বি গ্রেড পেতে হবে।

কোটা সম্পর্কিত তথ্য: ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীরা সকল অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা, উপজাতি, অ-উপজাতি, ওয়ার্ড এবং বিকেএসপি কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে কলা ও মানববিদ্যা অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ ও জীব বিজ্ঞান অনুষদের অন্তর্গত বিভাগ এবং ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ এ ভর্তির জন্য অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় এবং বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত/পরিসংখ্যান বিভাগে, কলা ও মানববিদ্যা অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগে ভর্তির জন্য শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদন করা যাবে।

O/A লেভেল ও দেশের বাহিরের শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের সমমান পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তির যোগ্যতা :

(ক) ২০১১ সালে বা তৎপরবর্তী সালে ন্যূনতম ২টি বিষয়ে 'বি' ও ৩টি বিষয়ে 'সি' গ্রেডসহ জিসিই 'ও' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১টি বিষয়ে 'বি' গ্রেড ও ২টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে শুধুমাত্র ২০১৪ বা ২০১৫ সালে জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান/বাণিজ্য শাখা) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা B, C, D, E, H ইউনিট এবং জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান শাখা) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা A, F1, G, I, J ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। এ ধরনের ভর্তিচ্ছুদের জন্য প্রযোজ্য অন্যান্য তথ্য চ.বি. ওয়েবসাইটে ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

(খ) দেশের বাহিরের কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে (ও/এ লেভেল ছাড়া) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে চ.বি. রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় ২০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে যোগাযোগ করে তাদের সার্টিফিকেট সমতা/জিপিএ নির্ধারণ করে নিতে হবে। একাডেমিক শাখা কর্তৃক প্রদত্ত Equivalent ID মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের রোল নম্বরের স্থানে ব্যবহার করে ৩০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে এসএমএস ভিত্তিক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

শিক্ষা বোর্ডের Key Word (বোর্ডের নামের প্রথম তিন অক্ষর) : চট্টগ্রাম CHI, ঢাকা DHA, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি শিক্ষা বোর্ড TEC, ডিপ্লোমা ইন বিজনেস DIB, ডিপ্লোমা ইন কমার্স DIC, বিজনেস ম্যানেজমেন্ট HBM, O/A লেভেল GCE;

ইউনিট সমূহের Key Word :

বিজ্ঞান অনুষদ : A (পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, ফলিত ও পরিবেশ রসায়ন বিভাগ)

কলা ও মানববিদ্যা অনুষদ: B1 বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট, B2 আরবি, ইসলামিক স্টাডিজ, B3 চারুকলা ইনস্টিটিউট, B4 পালি, B5 নাট্যকলা, B6 সংস্কৃত, আইইআরটি (B7H উচ্চ মাধ্যমিক মানবিক গ্রুপ/B7S উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপ/B7C উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা গ্রুপ), B8 সংগীত

ব্যবসায় প্রশাসন অনুষদ : (একাউন্টিং, ম্যানেজমেন্ট, ফাইন্যান্স, মার্কেটিং, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ) C1 উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা বা হিসাব বিজ্ঞান বিষয়সহ ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, C2 উচ্চ মাধ্যমিক মানবিক বা হিসাব বিজ্ঞান বিষয় ব্যতীত ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ C3 উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপ

সমাজ বিজ্ঞান অনুষদ : (অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব, লোকপ্রশাসন, নৃবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক এবং যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ) D1 উচ্চ মাধ্যমিক মানবিক গ্রুপ, D2 উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপ, D3 উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা গ্রুপ;

আইন অনুষদ : E:

জীব বিজ্ঞান অনুষদ : F1 (উচ্চ মাধ্যমিক বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখার জন্য) প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, মাইক্রোবায়োলজি, মৃত্তিকা বিজ্ঞান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, মনোবিজ্ঞান, ফার্মেসী বিভাগ; **F2** (উচ্চ মাধ্যমিক মনোবিজ্ঞান বিষয় নিয়ে মানবিক গ্রুপ থেকে উত্তীর্ণ মনোবিজ্ঞান বিষয়ে ভর্তির জন্য), **F3** (উচ্চ মাধ্যমিক ভূগোল বিষয় নিয়ে মানবিক গ্রুপ থেকে উত্তীর্ণ ভূগোল ও পরিবেশবিদ্যা বিষয়ে ভর্তির জন্য)

ইঞ্জিনিয়ারিং অনুষদ : G (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ফলিত পদার্থবিদ্যা, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ)।

শিক্ষা অনুষদ : H (ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়)

ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ : I (মেরিন সায়েন্সেস, ওশানোগ্রাফী ও ফিশারিজ বিষয়),

ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস : J (পরিবেশ বিজ্ঞান ও ফরেস্ট্রি বিষয়);

কোটায় Key Word: মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটা FFQ1, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী কোটা FFQ2, ওয়ার্ড কোটা WQ (চ.বি. শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের পোষ্য), উপজাতি কোটা TQ, অ-উপজাতি কোটা NTQ, শারীরিক প্রতিবন্ধী কোটা PDQ, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা SEGQ, বিকেএসপি কোটা BKSPQ

টেলিটক মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর করণীয়:

আবেদনকারীকে চ.বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ভর্তি নির্দেশিকা ডাউনলোড করে বিস্তারিত জেনে নিম্নলিখিত পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে হবে।

এসএমএস করার নিয়ম:

একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে CU স্পেস HSC শিক্ষা বোর্ডের নাম স্পেস HSC পরীক্ষার রোল নম্বর স্পেস HSC পরীক্ষার সাল স্পেস SSC শিক্ষা বোর্ডের নাম স্পেস SSC পরীক্ষার রোল নম্বর স্পেস SSC পরীক্ষার সাল স্পেস কাজিত ইউনিট এর Key Word দিয়ে কোটা থাকলে কোটার Key Word লিখে 16222 নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ: CU < CHI < 123456 < 2015 < CHI < 123456 < 2013 < A < FFQ1

উদাহরণটি চট্টগ্রাম বোর্ড থেকে ২০১৩ ও ২০১৫ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে A ইউনিটে মুক্তিযোদ্ধার সন্তান কোটায় (FFQ1) ভর্তিচ্ছু শিক্ষার্থীর জন্য প্রযোজ্য।

একাধিক কোটায় আবেদনকারীকে কোটার Key Word লিখে কমা (,) দিয়ে এসএমএস করতে হবে।

উদাহরণ: CU < CHI < 123456 < 2015 < CHI < 123456 < 2013 < A < FFQ1, NTQ

উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানানো হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে CU স্পেস YES স্পেস PIN স্পেস দিয়ে আবেদনকারীর নিজের ব্যবহৃত যে কোন অপারেটর এর একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে এসএমএস করতে হবে। আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্রের জন্য একটি User ID ও Password দেয়া হবে। একবার এসএমএস করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না। User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

উদাহরণ: CU < YES < 65432134 (পিন নম্বর) < 01XXXXXXXXXX (আবেদনকারীর মোবাইল নম্বর)

ও /এ লেভেল শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য নিম্নলিখিত পদ্ধতিতে এসএমএস করতে হবে :-

1ST SMS: CU< GCE< A LEVEL CANDIDATE NUMBER < YEAR<UNIT send to 16222

IN REPLY: CANDIDATE WILL RECEIVE A PIN & WILL SEND SMS WITH THIS PIN

2ND SMS: CU<YES<PIN<CONTACT NUMBER (ANY OPERATOR) send to 16222

REPLY:Candidate will receive User ID and Password for respective Unit with which they will collect Admit Card.

প্রবেশপত্র ডাউনলোড : প্রবেশ পত্রের জন্য নির্দেশিত সাইজের এক কপি রঙিন ছবি (300x300 Pixel, File size less than 100kb) স্ক্যান করতে হবে। এরপর Desktop বা যে কোন ফোন্ডারে Save করতে হবে। Admit Card Download করতে <http://cu.teletalk.com.bd> অথবা CU website: www.cu.ac.bd তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password input দিতে হবে। ইনপুট তথ্যাবলী সঠিক হলে Photo Upload করার Option পাওয়া যাবে। Photo (300x300 pixel, file size less than 100 kb) Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে ২ (দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্রে Student's Signature এর নির্দিষ্ট স্থানে পরীক্ষার্থীর পূর্ণ নামের স্বাক্ষর করে একটি পরীক্ষার হলে নিজের কাছে রাখতে হবে এবং অন্যটি দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে। প্রবেশপত্রে ছাত্র/ছাত্রীর নাম, ইউনিট, রোল নম্বর, পরীক্ষা কেন্দ্র, ভবন, কক্ষ নম্বর, পরীক্ষার তারিখ ও সময় লেখা থাকবে।

অন-লাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা এসএমএস/চ.বি. ওয়েবসাইট/প্রেস বিজ্ঞপ্তি এর মাধ্যমে জানানো হবে।

সিট প্ল্যান ও ফলাফল :- পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম, ভবনের নাম ইত্যাদি যাবতীয় তথ্যসহ সিট প্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফলাফল জানতে হলে 16222 নম্বরে SMS করতে হবে। ভর্তি পরীক্ষার পরবর্তী দিবাগত রাত থেকে ফলাফল জানা যাবে।

সিট প্ল্যানের জন্য CU<SP<Unit<Roll send to 16222 এবং ফলাফলের জন্য CU<R<Unit<Roll Send to 16222

- * ভর্তি পরীক্ষা এক ঘণ্টা ব্যাপী একশত নম্বরের এমসিকিউ (MCQ) পদ্ধতিতে গ্রহণ করা হবে। তবে চারুকলা ইনস্টিটিউট, নাট্যকলা, সংগীত এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ের ভর্তি পরীক্ষা MCQ ও ব্যবহারিক পদ্ধতিতে নেয়া হবে।
- * প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে মোট ১২০ নম্বরে ফলাফল চূড়ান্ত করা হবে।
- * জাতীয় শিক্ষা কার্যক্রমের অধীনে যারা ইংরেজি মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশ করেছে (ও/এ লেভেল ছাড়া), তাদের মধ্যে যে সকল ছাত্র/ছাত্রী ভর্তি পরীক্ষা ইংরেজি মিডিয়ামে দিতে আগ্রহী, এসএমএস ভিত্তিক নিয়মানুযায়ী আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার পর তাদেরকে ১২ অক্টোবর, ২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে স্বশরীরে এসে আবেদন করতে হবে।
- * ভর্তির অন্যান্য যোগ্যতা, বিশেষ যোগ্যতা, কোটায় ভর্তি সম্পর্কিত তথ্যাদিসহ ভর্তি পরীক্ষা সম্পর্কিত যাবতীয় তথ্য চ.বি. ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

- * প্রত্যেক ইউনিটের পৃথক পৃথক হেল্প লাইন রয়েছে। সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষা সম্পর্কিত তথ্য জানতে সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টার মধ্যে হেল্প লাইনে যোগাযোগ করা যাবে।
- * ভর্তি পরীক্ষার সময় প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A লেভেলের Statement of Entry এর মূলকপি এবং ডাউনলোডকৃত দুই কপি প্রবেশপত্র পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। ডাউনলোড করা প্রবেশপত্র, ছবিযুক্ত মূল রেজিস্ট্রেশন কার্ড অথবা Statement of Entry ছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- * ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র/ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে/রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায়/হেল্প লাইনে যোগাযোগ করতে হবে। ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


ভর্তি পরীক্ষার সময়সূচী

তারিখ ও দিন	সকাল বেলা (১০:৩০ মিনিট)	বিকেল বেলা (২:৩০ মিনিট)
নভেম্বর ০১, ২০১৫ রবিবার	এ ইউনিট -- বিজ্ঞান অনুষদ	জে ইউনিট-ইনস্টিটিউট অব ফরেন্সিট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস
নভেম্বর ০২, ২০১৫ সোমবার	জি ইউনিট -- ইঞ্জিনিয়ারিং অনুষদ	আই ইউনিট - ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ
নভেম্বর ০৩, ২০১৫ মঙ্গলবার	এফ১-৩ ইউনিট -- জীব বিজ্ঞান অনুষদ	-----
নভেম্বর ০৪, ২০১৫ বুধবার	ডি১-২ ইউনিট -- সমাজ বিজ্ঞান অনুষদ (উচ্চ মাধ্যমিক মানবিক ও বিজ্ঞান শাখা)	ডি৩ ইউনিট -- সমাজ বিজ্ঞান অনুষদ (উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা শাখা)
নভেম্বর ০৫, ২০১৫ বৃহস্পতিবার	ই ইউনিট -- আইন অনুষদ	-----
নভেম্বর ০৬, ২০১৫ শনিবার	সি১ ইউনিট -- ব্যবসায় প্রশাসন অনুষদ (উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা বা সমমান)	সি২-৩ ইউনিট -- ব্যবসায় প্রশাসন অনুষদ (উচ্চ মাধ্যমিক মানবিক ও বিজ্ঞান শাখা)
নভেম্বর ০৮, ২০১৫ রবিবার	বি১ ইউনিট -- কলা ও মানববিদ্যা অনুষদ	-----
নভেম্বর ০৯, ২০১৫ সোমবার	বি২ আরবি, ইসলামিক স্টাডিজ, বি৩ চারুকলা ইনস্টিটিউট, বি৪ পালি, বি৫ নাট্যকলা, বি৬ সংস্কৃত, বি৭ (আইইআরটি), বি৮ সংগীত	এইচ ইউনিট -শিক্ষা অনুষদ (ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স)

হেল্প লাইন:(সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত) A Unit-01555555135, B Unit-01555555136,
C Unit-01555555137, D Unit - 01555555138, E Unit - 01555555139, F Unit -01555555142,
G Unit-01555555156, H Unit-01555555165, I Unit- 01555555140, J Unit-01555555141,

চ.বি. হটলাইন: (সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত) 01555555157, 01556570088, 01556570077,
টেকনিক্যাল সাপোর্ট: 01555555158

E-mail: dracademiccu@yahoo.com, dracademiccu2012@gmail.com


 (এস.এস.আকবর হোছাইন)
 ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
 রেজিস্ট্রার দপ্তর
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
 ও
 সচিব, ভর্তি কমিটি

/ছদর/